# মুখতাসার সহীহ আল-বুখারী

## হাদিস নাম্বারঃ ৩৬০ [আন্তর্জাতিক নাম্বারঃ ৫৯৬]

৯. নামাযের সময় (كتاب مواقيت الصلاة)

পরিচ্ছেদঃ নামাযের সময় চলে যাওয়ার পর যে ব্যক্তি লোকদেরকে নিয়ে জামাআতে নামায আদায় করে

بابُ مَنْ صَلَّى بِالنَّاسِ جَمَاعَةً بَعْدَ ذَهَابِ الْوَقْتِ

---

আরবী

□□□ـ عَنْ جَابِرِ بْنِ عَبْدِ اللَّهِ رَضِيَ الله عَنْهُمَا: أَنَّ عُمَرَ بْنَ الْخَطَّابِ جَاءَ يَوْمَ الْخَنْدَقِ بَعْدَ مَا غَرَبَتِ الشَّمْسُ، فَجَعَلَ يَسُبُّ كُفَّارَ قُرَيْشٍ، قَالَ: يَا رَسُولَ اللَّهِ مَا كِدْتُ أُصَلِّي الْعَصْرَ، حَتَّى كَادَتِ الشَّمْسُ تَغْرُبُ، قَالَ النَّبِيُّ وَاللهِ مَا صَلَّيْتُهَا. فَقُمْنَا إِلَى بُطْحَانَ، فَتَوَضَّأَ لِلصَّلاةِ وَتَوَضَّأْنَا لَهَا، فَصَلَّى الْعَصْرَ بَعْدَ مَا غَرَبَتِ الشَّمْسُ، ثُمَّ صَلَّى بَعْدَهَا الْمَغْرِبَ. (بخارى:□□□

বাংলা

৩৬০) জাবের বিন আব্দুল্লাহ (রাঃ) হতে বর্ণিত, খন্দকের যুদ্ধের দিন সূর্য অস্ত যাওয়ার পর উমার ইবনে খাত্তাব (রাঃ) কুরাইশ গোত্রের কাফেরদেকে গালি দিতে লাগলেন। তিনি বললেনঃ হে আল্লাহর রাসূল! সূর্য ডুবে যাওয়ার উপক্রম হয়েছে। অথচ আমি এখনও আসরের নামায আদায় করতে পারিনি। নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম তখন বললেনঃ আল্লাহর শপথ! আমিও এখনও আসরের নামায পড়িনি। অতঃপর আমরা ‘বুতহান’ উপত্যকার দিকে অগ্রসর হলাম। সেখানে গিয়ে নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম নামাযের জন্য অযু করলেন। আমরাও অযু করলাম। সূর্যাস্তের পর তিনি আসরের নামায আদায় করলেন। তারপর মাগরিবের নামায আদায় করলেন।

## English

Whoever led the people in Salat (prayer) after its time was over

Narrated Jabir bin `Abdullah:

On the day of Al-Khandaq (the battle of trench.) `Umar bin Al-Khattab came cursing the disbelievers of Quraish after the sun had set and said, "O Allah's Messenger (ﷺ) I could not offer the `Asr prayer till the sun had set." The

Prophet (ﷺ) said, "By Allah! I, too, have not prayed." So we turned towards Buthan, and the Prophet (ﷺ) performed ablution and we too performed ablution and offered the `Asr prayer after the sun had set, and then he offered the Maghrib prayer.

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ আলোকিত প্রকাশনী  বর্ণনাকারীঃ জাবির ইবনু আবদুল্লাহ আনসারী (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=89658

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন